

# আম রপ্তানি প্রক্রিয়া
## (আকাশপথে)



এই নির্দেশিকাটি বাংলাদেশ থেকে আম রপ্তানির প্রক্রিয়া সম্পর্কে রপ্তানিকারকগণদেরকে অবগত করার উদ্দেশ্যে তৈরি করা হয়েছে।

USDA

BANGLADESH TRADE FACILITATION


# এক নজরে রপ্তানি প্রক্রিয়া

| পর্যায় | শর্তসমূহ/ প্রয়োজনীয় কাগজপত্র | প্রতিষ্ঠান/সংস্থা | প্রক্রিয়াকরণের সম্ভাব্য সময় | ফি সমূহ |
|---|---|---|---|---|
| প্রাক-রপ্তানি পর্যায় | ট্রেড লাইসেন্স প্রাপ্তি | সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পরিষদ | ৩-৫ কার্যদিবস | ব্যবসার ধরন অনুযায়ী ১০০ টাকা থেকে ৪০,০০০ টাকা পর্যন্ত |
| | চেম্বার/সমিতির সদস্যপদ প্রাপ্তি | সরকার নিবন্ধিত যেকোনো অ্যাসোসিয়েশন/ চেম্বার | | সংগঠনের উপর নির্ভর করে (১০,০০০ টাকা, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস অ্যান্ড এলাইড প্রডাক্টস এক্সপোর্টারস এসোসিয়েশন এর জন্য) |
| | রপ্তানি নিবন্ধন সার্টিফিকেট (ERC) | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের আঞ্চলিক কার্যালয় Weblink: https://olm.ccie.gov.bd/ | ১-৩ কার্যদিবস | ১০,০০০ টাকা |
| | ইপিবি তালিকাভুক্তি সার্টিফিকেট | রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB) | ৭ কার্যদিবস | ২০০০ টাকা |
| | রেজিস্ট্রার্ড এক্সপোর্টার সার্টিফিকেশন (REX) (শুধুমাত্র EU-তে রপ্তানির জন্য) | রপ্তানি উন্নয়ন ব্যুরো Weblink: https://customs.ec.eu-ropa.eu/rex-pa-ui/ | ৭ কার্যদিবস | বিনামূল্যে (শুধুমাত্র EU তে রপ্তানির জন্য) |
| | নিবন্ধিত কৃষকদের তালিকা সংগ্রহ এবং চুক্তি স্বাক্ষর (কন্ট্রাক্ট ফার্মিং এর জন্য) | • কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE)<br>• নিবন্ধিত কৃষক | | |
| | উদ্যান ফসল রপ্তানিকারক (Horticultural Products Exporter) হিসাবে নিবন্ধনের সার্টিফিকেট প্রাপ্তি | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ৭-১৫ কার্যদিবস | |
| রপ্তানি পর্যায় | ক্রেতার সাথে চুক্তি এবং রপ্তানি ডকুমেন্টেশন (এলসি) চূড়ান্তকরণ | আমদানিকারক দেশের ক্রেতা | | |
| | ট্রেসেবিলিটি তথ্য সংক্রান্ত প্রত্যয়নপত্র (Traceability information) প্রাপ্তি | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | | |
| | ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তি (আমদানিকারক দেশের যদি কোনো অতিরিক্ত ডিক্লারেশন প্রয়োজন হয়, তাহলে তা ফাইটোস্যানিটারি সার্টিফিকেটে অন্তর্ভুক্ত করা হয়।) | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর উদ্ভিদ সংগনিরোধ উইং (PQW) ওয়েবসাইট Weblink: http://pqw.dae.gov-.bd/dae_plant_quarantine/users/register | ৩-৫ কার্যদিবস | |

এলসি - লেটার অব ক্রেডিট

| পর্যায় | শর্তসমূহ/ প্রয়োজনীয় কাগজপত্র | প্রতিষ্ঠান/সংস্থা | প্রক্রিয়াকরণের সম্ভাব্য সময় | ফি সমূহ |
|---|---|---|---|---|
| রপ্তানি পর্যায় | C&F এজেন্ট এবং ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্টের সাথে ব্যবসায়িক চুক্তি | C&F এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্ট | ৭ কার্যদিবস | ২০০ টাকা |
| | EXP ফর্ম প্রাপ্তি | রপ্তানিকারক নির্ধারিত বাণিজ্যিক ব্যাংক | | |
| | কাস্টমস ক্লিয়ারেন্স:<br>• রপ্তানি বিল জমা দেয়া<br>• প্রাথমিক পরীক্ষা<br>• এয়ারওয়ে বিল এবং গেট পাস সংগ্রহ<br>• কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক আমের কার্টন পরীক্ষা করা<br>• কার্টন স্ক্যান করা<br>• অনুমোদিত শিপিং বিল ফেরত প্রাপ্তি<br>• আমের কার্টন লোডিং | কার্গো হ্যান্ডলিং কর্তৃপক্ষ বাংলাদেশ কাস্টমস, C&F এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্ট | | |
| রপ্তানি পরবর্তী পর্যায় | GSP সার্টিফিকেট/ প্রেফারেন্সিয়াল সার্টিফিকেট অব অরিজিন প্রাপ্তি | রপ্তানি উন্নয়ন ব্যুরো | ১ কার্যদিবস | ৭০০ টাকা |

*উৎস: সিডিসিএস কর্তৃক স্টেকহোল্ডার এনগেজমেন্ট প্রক্রিয়ায় প্রণীত ও যাচাইকৃত*



## ভূমিকা

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হিসাব মতে বাংলাদেশে উৎপন্ন ৭২ ধরণের ফলের[১] মধ্যে আম (Mangifera indica L.) তার অসাধারণ স্বাদ ও পুষ্টিগুণের কারণে বিশেষ স্থান অধিকার করে আছে এবং এ দেশের সংস্কৃতির সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। উৎপাদন, চাহিদা ও বাণিজ্যের দিক দিয়ে আম সব সময় অন্যান্য ফল থেকে এগিয়ে থাকে। রাজশাহী, রংপুর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, সাতক্ষীরা, ঝিনাইদহ, ও পার্বত্য চট্টগ্রাম আম উৎপাদনের প্রধান এলাকা। আম উৎপাদনে বাংলাদেশের অবস্থান বিশ্বে সপ্তম।[১] ২০২১ সালে সারা বাংলাদেশে ২ লাখ হেক্টর জমিতে ২৫ লাখ টন আম উৎপাদিত হয়েছে যার মধ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্ভিদ সংগনিরোধ উইং এর তথ্য অনুসারে ২০২১-২২ সালের জুলাই থেকে মে মাসের মধ্যে ৯৮০ টন আম আকাশেপথে রপ্তানি হয়েছে।[২] বাংলাদেশের দেশে আমের উৎপাদন প্রতিবছর বাড়ছে।রপ্তানি হওয়া দেশের তালিকায় প্রতিবছর নতুন নতুন দেশ যুক্ত হচ্ছে। নতুন দেশের পাশাপাশি আম রপ্তানিকারকও বেড়েছে।কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মতে ২০২২-২৩ বছর আম রপ্তানি অতীতের সব রেকর্ড ছাড়িয়ে গেছে।[৩]

উল্লেখ্য যে, আম উৎপাদনে ভারত বিশ্বে ১ম, চীন ২য় ও পাকিস্তান ৫ম[৪]। দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার এই প্রতিবেশী দেশগুলো বাংলাদেশের চাইতে আম রপ্তানিতে অনেক এগিয়ে আছে। বাংলাদেশ সরকার আম রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

এই নির্দেশিকা ইউএসডিএ-এর অর্থায়নে পরিচালিত বাংলাদেশ ট্রেড ফ্যাসিলিটেশন প্রজেক্টের মাধ্যমে আম রপ্তানিকারক বা সম্ভাবনাময় রপ্তানিকারক/উদ্যোক্তাগণের তথ্যগত ঘাটতি দূর করার জন্য প্রস্তুত করা হয়েছে।

## আম রপ্তানি: পর্যায়সমূহ

### প্রাক-রপ্তানি পর্যায়

| ট্রেড লাইসেন্স | রপ্তানি নিবন্ধন সার্টিফিকেট | অ্যাসোসিয়েশনের সদস্যপদ | ইপিবি তালিকাভুক্তি সার্টিফিকেট | REX সার্টিফিকেশন প্রাপ্তি (শুধুমাত্র EU-তে রপ্তানির জন্য) | হর্টিকালচার পণ্য রপ্তানিকারক হিসেবে নিবন্ধন |
|---|---|---|---|---|---|
| সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের আঞ্চলিক কার্যালয় | সরকার নিবন্ধিত অ্যাসোসিয়েশন | রপ্তানি উন্নয়ন ব্যুরো | রপ্তানি উন্নয়ন ব্যুরো | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর |

*উৎস: সিডিসিএস কর্তৃক স্টেকহোল্ডার এনগেজমেন্ট প্রক্রিয়ায় প্রণীত ও যাচাইকৃত।*



[১] ‘Bangladesh: Where Fruit Varieties Meet Elegance’ (30 July 2021) <https://www.thedailystar.net/news/bangladesh/agriculture/news/bangladesh-where-fruit-varieties-meet-elegance-2140416>
[২] Parvez S, ‘Mango Exports Hit Five-Year High’ The Daily Star (30 June 2022) <https://www.thedailystar.net/business/economy/news/mango-exports-hit-five-year-high-3060026>
[৩] ‘Https://Www.Prothomalo.Com/Bangladesh/Thhuvvgm37’ Record in mango exports before the end of the season (Dhaka, 26 July 2023)
[৪] ‘Mango Production by Country 2023’ (World Population Review) <https://worldpopulationreview.com/>

# প্রাক-রপ্তানি পর্যায়

## ১. ট্রেড লাইসেন্স প্রাপ্তি

বাংলাদেশের প্রতিটি ব্যবসা প্রতিষ্ঠানের জন্য সিটি কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির সংশ্লিষ্ট কার্যালয় বা ইউনিয়ন পরিষদ হতে ব্যবসা পরিচালনার লিখিত অনুমতি তথা ট্রেড লাইসেন্স গ্রহণ করা অত্যাবশ্যক। ট্রেড লাইসেন্স প্রাপ্তির জন্য উদ্যোক্তাগণকে সুনির্দিষ্ট ফর্ম পূরণ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যালয়ে আবেদন করতে হয়। (প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা ও অনুসরণীয় প্রক্রিয়ার জন্য পরিশিষ্ট-১: ট্রেড লাইসেন্স প্রাপ্তি প্রক্রিয়া দ্রষ্টব্য)

## ২. রপ্তানি নিবন্ধন সার্টিফিকেট

কোন পণ্য রপ্তানি করতে ইচ্ছুক প্রতিষ্ঠানের জন্য রপ্তানি নিবন্ধন সার্টিফিকেট গ্রহণ বাধ্যতামূলক। আবেদনকারী ব্যবসা প্রতিষ্ঠান আমদানি ও রপ্তানির প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়ে অনলাইনে (https://olm.ccie.gov.bd/) আবেদনপত্র জমা দেওয়ার মাধ্যমে রপ্তানি নিবন্ধন সার্টিফিকেট পেতে পারেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে একটি ওএলএম আইডি/অ্যাকাউন্ট খুলতে হবে এবং রপ্তানি নিবন্ধন সার্টিফিকেট গ্রহণের উদ্দেশ্যে আবেদনপত্র জমা দেওয়ার জন্য উপরোক্ত লিংক ব্যবহার করতে হবে। আবেদনের সাথে দাখিলযোগ্য কাগজপত্রের তালিকা সংযুক্তি-২: রপ্তানি নিবন্ধন সনদ পাওয়ার প্রক্রিয়া-এ দ্রষ্টব্য।

রপ্তানি নিবন্ধন সনদ গ্রহনের ক্ষেত্রে আবেদনের সাথে প্রতিষ্ঠানের/ রপ্তানিকারকের ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর বা সনদ এবং ভ্যাট (VAT) নম্বর সংযুক্ত করতে হয় যা জাতীয় রাজস্ব বোর্ড থেকে অনলাইনে আবেদনের মাধ্যমে সংগ্রহ করা যায়। আবেদনের প্রক্রিয়া বিস্তারিত নিচের লিঙ্কে দেখা যাবেঃ

TIN : www.incometax.gov.bd

VAT: https://vat.gov.bd/sap/bc/ui5_ui5/sap/zmcf_pri/index.html#/Welcome

## ৩. ব্যবসায়ী চেম্বার/সমিতির সদস্যপদ

রপ্তানি নিবন্ধন সনদ পাওয়ার জন্য উদ্যোক্তাকে অবশ্যই বাণিজ্য মন্ত্রণালয়ে নিবন্ধিত যেকোনো একটি ব্যবসায়ী চেম্বার/ব্যবসায়ী সমিতির সদস্য হতে হবে। সংশ্লিষ্ট চেম্বার/সমিতির নির্ধারিত ফরমে উক্ত চেম্বার/সমিতির বিদ্যমান সদস্যদের (দুইজন সদস্য) কাছ থেকে সুপারিশ গ্রহণপূর্বক আবেদন করতে হবে।

## ৪. রপ্তানি উন্নয়ন ব্যুরো তালিকাভুক্তি সনদ বা এনরোলমেন্ট সার্টিফিকেট প্রাপ্তি

রপ্তানিকারক প্রয়োজনীয় কাগজপত্রসহ ইপিবিতে একটি আবেদনপত্র জমা দিয়ে ইপিবি এনরোলমেন্ট সার্টিফিকেট সংগ্রহ করতে পারেন। প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্তি-৩: রপ্তানি উন্নয়ন ব্যুরো তালিকাভুক্তি সার্টিফিকেট/ এনরোলমেন্ট সার্টিফিকেট প্রাপ্তির প্রক্রিয়া-এ দ্রষ্টব্য।

শুধুমাত্র EU তে রপ্তানির জন্য

## ৫. REX সার্টিফিকেট প্রাপ্তি


ইউরোপীয় ইউনিয়ন, নরওয়ে, সুইজারল্যান্ড এবং তুরস্কে জিএসপি স্কিমের আওতায় প্রবর্তিত Self Certification ব্যবস্থায় বাংলাদেশের রপ্তানি বাণিজ্য শুরু হয়েছে। এই ব্যবস্থায় রপ্তানিকারক প্রতিষ্ঠান নিজেই তাদের Commercial Documents এর উপর রপ্তানিকৃত পণ্যের অরিজিন এর Self Certification (স্ব-সনদ) দিতে পারবে যা Statement of Origin নামে পরিচিত। প্রক্রিয়াটির বিস্তারিত বিবরণের জন্য সংযুক্তি-৪: REX সার্টিফিকেশন প্রাপ্তি প্রক্রিয়া-এ দ্রষ্টব্য।

## ৬. নিবন্ধিত কৃষকদের তালিকা সংগ্রহ এবং চুক্তি স্বাক্ষর (শুধুমাত্র EU ভুক্ত দেশগুলোতে রপ্তানির জন্য)

EU ভুক্ত দেশগুলোতে আম রপ্তানির জন্য চুক্তিভিত্তিক উৎপাদন বাধ্যতামূলক। এই শর্ত প্রতিপালনের জন্য আম রপ্তানিকারকদের আম চাষীদের সাথে চুক্তি করতে হয়। চুক্তিভিত্তিক উৎপাদনের জন্য রপ্তানিকারকরা দেশের নির্ধারিত উপজেলা কৃষি অফিস থেকে নিবন্ধিত কৃষকের তালিকা পেতে পারেন। তালিকা যাচাই ও নির্বাচিত কৃষকের সাথে আলোচনার পর উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়কে অবহিত রেখে কৃষকের সাথে রপ্তানিকারক চুক্তি স্বাক্ষর করেন।

## ৭. উদ্যান ফসল রপ্তানিকারক হিসাবে নিবন্ধনের সার্টিফিকেট প্রাপ্তি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে উদ্যান ফসল রপ্তানিকারক হিসাবে নিবন্ধনের সার্টিফিকেট পাওয়া যাবে। আবেদনকারীকে সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ পূরণকৃত আবেদন ফর্ম উদ্ভিদ সংগনিরোধ উইং এ জমা দিতে হবে। সার্টিফিকেট সংগ্রহের জন্য প্রস্তুত হলে উদ্ভিদ সংগনিরোধ উইং থেকে রপ্তানিকারককে তথ্য দেয়া হয় অথবা রপ্তানিকারক রেজিস্ট্রেশনের অগ্রগতি জানতে উদ্ভিদ সংগনিরোধ উইং এর সাথে যোগাযোগ করতে পারেন। একটি নমুনা আবেদন ফর্ম এবং প্রয়োজনীয় প্রাসঙ্গিক দলিলাদির তথ্য সংযুক্তি-৫: উদ্যান ফসলজাত পণ্য রপ্তানিকারক নিবন্ধন-এ দেখানো হয়েছে।




*উৎস: সিডিসিএস কর্তৃক স্টেকহোল্ডার এনগেজমেন্ট প্রক্রিয়ায় প্রণীত ও যাচাইকৃত।*

## রপ্তানি পর্যায়

### ১. ক্রেতার সাথে চুক্তি করে রপ্তানি ডকুমেন্টেশন চূড়ান্তকরণ

যেকোন রপ্তানি লেনদেনের সূচনা পণ্য ক্রয়/বিক্রয় বিষয়ক অনুসন্ধান থেকে শুরু হয়। পণ্যের অনুসন্ধান প্রতিবেদনে অন্তর্ভুক্ত হতে পারে পণ্যের আকারের বিশদ বিবরণ, প্রেরণের পদ্ধতি ইত্যাদি।

রপ্তানিকারক বিস্তারিতভাবে অনুসন্ধান করে ক্রেতার চাহিদা অনুযায়ী ক্রেতাকে একটি প্রোফর্মা চালান প্রদান করেন। যদি পণ্যের মূল্য, পৌঁছানোর সময়সূচি ও পরিবহন মাধ্যম এবং মূল্য পরিশোধের শর্তসমূহ বিবেচনায় নিয়ে ক্রেতার কাছে বিক্রয় প্রস্তাবটি গ্রহণযোগ্য হয়, তাহলে ক্রেতা রপ্তানিকারককে রপ্তানির আদেশ প্রদান করেন এবং যতটা সম্ভব স্পেসিফিকেশন, পরিমাণ ইত্যাদির তথ্য সরবরাহ করেন।

ক্রেতা এবং রপ্তানিকারকের মধ্যে সমঝোতা হলে রপ্তানিকারক আমদানিকারককে একটি মনোনীত তফসিলি ব্যাংকে রপ্তানিকারকের পক্ষে একটি এলসি খোলার অনুরোধ করেন।

### ২. ট্রেসেবিলিটি তথ্য (Traceability information) সংক্রান্ত প্রত্যয়নপত্র (শুধুমাত্র EU ভুক্ত দেশের জন্য প্রযোজ্য)

আম উৎপাদনকালে উপজেলা কৃষি কর্মকর্তার কাযালয়ের কর্মকর্তাগণ আম বাগান পরিদর্শন করেন এবং উৎপাদন প্রক্রিয়ায় কীটনাশক/বালাইনাশক প্রয়োগ বিষয়ে পরামর্শ প্রদানসহ উত্তম কৃষি চর্চার নীতিসমূহ অনুসরণের বিষয়টি পরিবীক্ষণ করেন। রপ্তানির জন্য উৎপাদিত আম পরিবহনের জন্য প্যাকেট করার আগে তা উপ-সহকারী কৃষি অফিসারগণ পরিদর্শন ও পরীক্ষা (Physical examination) করেন এবং ট্রেসেবিলিটি তথ্য বিষয়ক প্রত্যয়নপত্র উপজেলা কৃষি অফিস থেকে প্রদান করা হয়। এর একটি নমুনা সংযুক্তি-৬: ট্রেসেবিলিটি তথ্য সংক্রান্ত প্রত্যয়নপত্র সনদের নমুনা-তে দ্রষ্টব্য।

## ৩.ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তি

নির্ধারিত ফরম্যাটে অনলাইনে (pqw.dae.gov.bd) প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আবেদনপত্র জমা দেওয়ার মাধ্যমে রপ্তানিকারক ফাইটোস্যানিটারি সার্টিফিকেট পেয়ে থাকেন। বিস্তারিত প্রক্রিয়ার জন্য সংযুক্তি-৭: ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তির প্রক্রিয়া ও সংযুক্তি-৮: ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তির জন্য আবেদনের ধাপসমূহ-এ দ্রষ্টব্য।

আমদানিকারক দেশের যদি কোনো অতিরিক্ত ডিক্লারেশন প্রয়োজন হয়, তাহলে তা ফাইটোস্যানিটারি সার্টিফিকেটের অংশ II-এ দেওয়া হয়।

## ৪. C&F এজেন্ট এবং ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্টের সাথে ব্যবসায়িক চুক্তি

রপ্তানিকারক পণ্য প্রেরণ প্রক্রিয়ায় পরিবহন কাজে সহায়তা নেয়ার জন্য কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্টের সাথে চুক্তি করেন। পণ্য প্রেরণ প্রক্রিয়ায় পরিবহন কাজ সম্পাদনের উদ্দেশ্যে ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্ট, রপ্তানিকারক বা C&F এজেন্টের কাছ থেকে প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ করেন। তবে, C&F এজেন্টও পণ্য পরিবহণ কাজে রপ্তানিকারককে সাহায্য করতে পারে। অনুমোদন পত্রে C&F এজেন্টের নাম এবং যোগাযোগ নম্বর উলেখ করা থাকে।

চুক্তি এবং পণ্য পরিবহণ প্রক্রিয়া কার্যকর করার জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি হলো-
- ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্ট অনুমোদনের চিঠি
- বাণিজ্যিক চালান
- প্যাকিং তালিকা
- ঘোষণাপত্র ফর্ম
- শিপিং বিল (রপ্তানির বিল)

রপ্তানিকৃত পণ্যের বিবরণ ও মূল্য, পরিমাণ, গুণমান, প্যাকেজের মার্ক নম্বর, ক্রেতার নাম, এল/সি বা চুক্তি নম্বর, গ্রেড, আকার, জাহাজের নাম, শিপমেন্টের তারিখ, এয়ারওয়ে বিল সমূহ ইত্যাদি উলেখ করে একটি বাণিজ্যিক চালান প্রস্তুত করা হয়।

## ৫. EXP ফর্ম প্রাপ্তি

ব্যাংক একাউন্ট এর বিপরীতে ব্যাংক থেকে রপ্তানি অনুমতি ফর্ম বা EXP ফর্ম সংগ্রহ করতে হয়। এই ফর্ম এর জন্য একটি আবেদনপত্র জমা দেয়া সাপেক্ষে ব্যাংক রপ্তানিকারককে একজন ব্যবসায়ী হিসেবে প্রত্যায়িত করে। EXP ফর্ম এ যেসকল তথ্য থাকে, তা নিম্নরূপ-
- রপ্তানি পণ্য
- গন্তব্য দেশ
- গন্তব্য বন্দর
- গুণমান
- ভ্যালু
- বিক্রয় শর্তাবলী (ফার্ম কন্ট্রাক্ট/এলসি বা কনসাইনমেন্ট সেল)
- আমদানিকারক/প্রেরক ব্যক্তির নাম ও ঠিকানা
- বহনকারী জাহাজের নাম
- এয়ারওয়ে বিল
- চালানের পোর্ট/পোস্ট অফিস অফ ডিসপ্যাচ
- ল্যান্ড অব কাস্টমস পোস্ট
- চালানের তারিখ
- ঠিকানাসহ রপ্তানিকারকের নাম (ব্লক অক্ষরে)
- রপ্তানিকারকের CCI&E এর রেজিস্ট্রেশন নম্বর এবং তারিখ
- রপ্তানিকারক যে সেক্টরের (পাবলিক অথবা প্রাইভেট) আওতায় পড়েন

## ৬ ক. পণ্য লোডিং

লোডিং প্রক্রিয়াটি বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড হ্যান্ডলিং ডিপার্টমেন্ট নিজেরা এবং মালবাহী ফরওয়ার্ডারের মাধ্যমে পরিচালনা করে। বিমান, ক্যারিয়ার ও গ্রাউন্ড হ্যান্ডলার উভয় হিসাবে কাজ করে। প্রথমত, রপ্তানিকারককে একটি এয়ারলাইনের সাথে যোগাযোগ করতে হয়। এয়ারলাইন্সের সঙ্গে চুক্তির পর রপ্তানিকারকের জন্য জায়গা বরাদ্দ করা হয়। যথাযথ পদ্ধতির পরে, রপ্তানিকারকের জন্য একটি এয়ারওয়ে বিল ইস্যু করা হয়। এই বিলসহ রপ্তানিকারক তার পণ্য রপ্তানি ভিলেজের কার্গো এরিয়াতে কাস্টমস অনুমোদিত C&F এজেন্ট এর নিকট পৌঁছায়। পরবর্তী প্রক্রিয়া, বিমান, C&F এজেন্ট, সিভিল এভিয়েশন অথরিটি এবং ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্ট সম্পন্ন করে। পুরো কার্গো এবং গ্রাউন্ড হ্যান্ডলিং প্রক্রিয়া প্রায় ৬ ঘন্টা সময় নেয়। কার্গো স্পেস বুকিং (পচনশীল আইটেমগুলির জন্য) চালানের ২৪ ঘন্টা আগে করতে হয়। বিমান প্রয়োজনীয় চেকলিস্ট পূরণ নিশ্চিত করার পরে, কাস্টমস অনুমোদিত ফ্রেইট ফরওয়ার্ডার দায়িত্ব নেয় এবং পরিবহন, ওজন, স্ক্যানিং, ডকুমেন্টেশন, পুনঃওজন এবং ফ্লাইটে পণ্য রাখার অন্যান্য সমস্ত কাজ পরিচালনা করে। লোডিং প্রক্রিয়াটি সংযুক্তি-৯ : রপ্তানি বিল প্রাপ্তির প্রক্রিয়া-এ দেয়া হল।

## ৬ খ. কাস্টমস ক্লিয়ারেন্স

- লোডিং এর পূর্বে রপ্তানির অনুমোদনের জন্য C&F এজেন্ট রপ্তানি ঘোষণা (Export Declaration) বা বিল অব এক্সপোর্ট/শিপিং বিল কাস্টমস কর্তৃপক্ষের কাছে জমা দেয়। ঘোষণাপত্রে পণ্যের বিস্তারিত বিবরণ, মূল্য, রপ্তানিকারকের নাম, বিদেশী ক্রেতা/আমদানিকারকদের নাম এবং C&F এজেন্টের নাম থাকে।
- ফিজিক্যাল পরীক্ষার আগে, রপ্তানিকারকের অনুমোদিত ফ্রেইট ফরওয়ার্ডার পণ্য পরিবহনকারী অর্থাৎ এয়ারলাইন্স কর্তৃপক্ষের কাছ থেকে এয়ারওয়ে বিল এবং গেট পাস (কার্গো এক্সেপ্টেন্স চেকলিস্ট) সংগ্রহ করবে।
- সমস্ত মূল নথির প্রাথমিক মূল্যায়নের পর প্রাথমিক অনুমোদন দেওয়া হয়, এবং প্রাথমিক অনুমোদনসহ মূলনথি রপ্তানিকারকের কাছে ফেরত দেওয়া হয়। একজন রাজস্ব কর্মকর্তা এবং সহকারী রাজস্ব কর্মকর্তা শিপিং বিলে স্বাক্ষর করেন। প্রয়োজনে একটি পৃথক কাগজে আলাদা নোটসহও স্বাক্ষর করেন।
- নথিসমূহ পরীক্ষা করার পর, বেসরকারি আইসিডি/বন্দর এলাকা/রপ্তানিকারকের স্থানে পণ্যের ফিজিক্যাল পরীক্ষা করা হয়। এই ক্ষেত্রে ফিজিক্যাল পরীক্ষার সময় নিম্নলিখিত নথিগুলি জমা দিতে হবে।
    - শিপিং বিলের সত্যায়িত অনুলিপি
    - রপ্তানি এল/সি; যদি কোন রপ্তানি এল/সি না থাকে, রপ্তানি চুক্তি বা ক্রয় আদেশ বা নেগোশিয়েটিং ব্যাংক দ্বারা অনুমোদিত রপ্তানি গ্যারান্টি
    - এয়ারওয়ে বিল
    - পণ্যের বিশদ বিবরণ এবং রপ্তানিকারক দ্বারা স্বাক্ষরিত বাণিজ্যিক চালান;
    - পরিমাণ, ওজন এবং প্যাকিং তথ্য সম্বলিত প্যাকিং তালিকা
    - রপ্তানি আয়ের আদায় নিশ্চিত করতে অনুমোদিত ডিলার (ADs) দ্বারা প্রত্যায়িত EXP ফর্ম
    - ফাইটোসেনিটারি সার্টিফিকেট
- কাস্টমস কর্তৃপক্ষ পরীক্ষার রিপোর্ট সহ নথি ফেরত দেয়। পরীক্ষার রিপোর্ট মূল শিপিং বিলের পিছনে বা শিপিং বিলের সাথে সংযুক্ত একটি পৃথক শীটে প্রদান করা হয়। রাজস্ব কর্মকর্তা এবং সহকারী রাজস্ব কর্মকর্তা দ্বারা চেক করা এবং স্বাক্ষরিত পরীক্ষার রিপোর্ট সহ মূল নথিও ফেরত দেয়া হয়।
- এছাড়া, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক ক্লিয়ারেন্সের সময় আমের কার্টন স্ক্যান করা হয়। তারপর কন্টেইনার/প্যাকেট বিমানে লোড করা হয়।
- এয়ারক্রাফট বিমানবন্দর ছেড়ে যাওয়ার পরে দায়িত্বপ্রাপ্ত কাস্টমস অফিসার (PO-on-Board/gate division officer in charge) শিপিং বিলের ২য় কপির পিছনে (as 'shipped on board') স্বাক্ষর করেন এবং তারপর রপ্তানি প্রক্রিয়া সম্পন্ন করেন।



**রপ্তানি বিলের উপাদান**

- রপ্তানির বিল নম্বর;
- রপ্তানিকারক;
- আমদানিকারী;
- ঘোষণাকারী/এজেন্ট;
- রপ্তানিকারক দেশ;
- কান্ট্রি অব অরিজিন
- আমদানীকারক দেশ;
- ক্যারিয়ারের নাম;
- মুদ্রা;
- লোড করার জায়গা;
- এলসি, নতুন চালান নম্বর;
- পণ্যের প্যাকেজ এবং বিবরণ;
- মোট ওজন;
- নেট ওজন;
- HS কোড

# রপ্তানি পরবর্তী পর্যায়

## ১. প্রিফারেনশিয়াল সার্টিফিকেট অব অরিজিন প্রাপ্তি

রপ্তানিকারকের রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে ইস্যুকৃত প্রেফারেন্শ্ল সার্টিফিকেট অথবা GSP সার্টিফিকেট থাকতে হবে। রপ্তানিকারককে প্রয়োজনীয় সত্যায়িত দলিলাদিসহ (EPB এনরোলমেন্ট সার্টিফিকেট, বাণিজ্যিক চালান, EXP ফর্ম, শিপিং বিল, এয়ারওয়েজ বিল, ফাইটোস্যানিটারি সার্টিফিকেট) আবেদন করতে হবে এবং তালিকাভুক্ত ব্যাংক এর মাধ্যমে নির্ধারিত ফি জমা দিয়ে সার্টিফিকেট সংগ্রহ করতে হবে।

প্রাপ্তির জন্য প্রয়োজনীয় সময়: ১ কার্যদিবস /পেমেন্ট: ৭০০ টাকা (পে-অর্ডার/পে-স্লিপ)





## সংযুক্তি-১: ট্রেড লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া

**ট্রেড লাইসেন্স পাওয়ার জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা-**

- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্ধারিত পূরণকৃত আবেদনপত্র (সিটি করপোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ)/অনলাইনে আবেদন
- ব্যবসায়ী/উদ্যোক্তার জাতীয় পরিচয়পত্র
- ব্যবসা প্রতিষ্ঠানস্থলের মালিকানার প্রমাণ বা বাড়ী ভাড়ার সাম্প্রতিক রশিদ
- হোল্ডিং ট্যাক্স প্রদানের রসিদ
- উদ্যোক্তার সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ছবি
- সংঘস্মারক ও সংঘবিধি (শুধুমাত্র লিমিটেড কোম্পানির ক্ষেত্রে), জয়েন্ট স্টক রেজিস্টার এ অন্তর্ভুক্তির সার্টিফিকেট (শুধুমাত্র লিমিটেড কোম্পানির ক্ষেত্রে)
- অংশীদারিত্বের চুক্তি (পার্টনারশিপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে)
- ব্যাংক সলভেন্সির সার্টিফিকেট
- টিআইএন সার্টিফিকেট

**ট্রেড লাইসেন্স প্রাপ্তির পদ্ধতি-**

আবেদনকারীকে যথাযথ সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের কার্যালয় থেকে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে অথবা অনলাইনে আবেদন করতে হবে। লাইসেন্স সুপারভাইজার, আবেদনকারীর ব্যবসাস্থল পরিদর্শন করে প্রতিবেদন প্রদান করবেন। আবেদন যথাযথ হলে সিটি কর্পোরেশন বা পৌরসভা বা ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট অফিসে নির্ধারিত ফি প্রদান করার পর ট্রেড লাইসেন্স প্রদান করা হয়।


**ফি-** ব্যবসার ধরন অনুযায়ী ১০০ টাকা থেকে ৪০,০০০ টাকা পর্যন্ত।

**সম্ভাব্য সময় -** সব কাগজপত্র ঠিক থাকলে ১ দিনের মধ্যে ট্রেড লাইসেন্স পাওয়া যায়।

## সংযুক্তি-২: রপ্তানি নিবন্ধন সনদ পাওয়ার প্রক্রিয়া

নীচে তালিকাভুক্ত নথিগুলি অনলাইনে জমা দেওয়ার পরে, আমদানি ও রপ্তানির প্রধান নিয়ন্ত্রকের কার্যালয় থেকে একই দিনে ইআরসি ইস্যু করা হয়-

- আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি
- ট্রেড লাইসেন্স
- সরকার অনুমোদিত যেকোনো একটি চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ বা ট্রেড অ্যাসোসিয়েশন এর মেম্বারশিপ সার্টিফিকেট
- আবেদনকারীর নাগরিকত্ব সনদ
- ট্রেজারি চালান
- টিআইএন সার্টিফিকেট
- অংশীদারি দলিল (অংশীদারি কোম্পানির জন্য)
- ইনকর্পোরেশন সার্টিফিকেট (লিমিটেড কোম্পানির জন্য)
- মেমোরেন্ডাম এবং আর্টিকেল অব অ্যাসোসিয়েশন (লিমিটেড কোম্পানির জন্য)
- ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক থেকে)


Government of the People's Republic of Bangladesh
Office of the Chief Controller of Imports and Exports
Export Registration Certificate (ERC)

ERC No:
260326211438623

This is to certify that until further orders **ALPHA CORPORATION**, Address: [illegible] is hereby registered as an **Exporter of Office** of the Chief Controller of Imports and Exports under the jurisdiction of Office of the Controller of Imports and Exports, Dhaka with following terms and conditions.

**Company's Particulars:**

1. E-TIN : 266632242264
2. Previous ERC No : N/A
3. Nominated Bank Name & Branch : Al-Arafah Islami Bank Ltd., Mirpur Circle-10
4. First Issue Date : 18 January, 2023
5. Valid up to : 30 June, 2023
6. Last Updated Date : 18 January, 2023

Terms & condition:

1. This Registration Certificate will have to be renewed every financial year.
2. Prohibited goods cannot be exported and in the case of controlled/restricted goods, all the terms and conditions of the export policy order should be maintained properly.
3. Without any permission of the Chief Controller of Imports & Exports or any other officer authorized by him, This Registration Certificate cannot be transferred.
4. If any Importer, Exporter & Indentor violates any provisions of the Importers, Exporters & Indentors (Registration) Order, 1981 or any other laws, the registration may be suspended or cancelled.
5. Any kind of fraud, forgery and misdeclaration is punishable under ICT Act, 2006 and in such cases the registration may be suspended or cancelled by the authority.
6. The authority reserves the right to cancel the registration certificate at any time without assigning any reason whatsoever.

**Md. Rezaul Karim**
**Executive Officer**
Office of the Controller of Imports and Exports, Dhaka
National Sports Council (NSC) Tower, 62/3, Level-14, Purana Paltan, Dhaka-1000.

N.B: This is a system generated certificate requires no manual signature.

আবেদন ফর্ম ও নিবন্ধন সনদের নমুনা এখানে দেওয়া হলো।

## সংযুক্তি-৩: রপ্তানি উন্নয়ন ব্যুরো তালিকাভুক্তি সার্টিফিকেট/ এনরোলমেন্ট সার্টিফিকেট প্রাপ্তির প্রক্রিয়া

**ইপিবি-তে তালিকাভুক্তির জন্য অনলাইনে (htpps://ems.epb.gov.bd) আবেদন করতে হবে**

- EPB এনরোলমেন্ট সার্টিফিকেটের ফি পরিশোধ (অনলাইন/পে-স্লিপ)
- এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (সত্যায়িত কপি)
- অ্যাসোসিয়েশন/চেম্বারের সদস্য সনদপত্র (সত্যায়িত কপি)
- ট্রেড লাইসেন্সের (ফটোকপি)
- TIN সার্টিফিকেটের (ফটোকপি)
- পাসপোর্ট সাইজ ছবি (২ কপি)
- ভ্যাট সার্টিফিকেট (সত্যায়িত কপি)
- ইনকর্পোরেশন সার্টিফিকেট (লিমিটেড কোম্পানির জন্য)



Export Promotion Bureau

Enrolment Certificate

This is to certify that until further orders

Messers : ..........

Address : ..........

has been enrolled with the Export Promotion Bureau, Dhaka as Non-Textile Products Manufacturer/Exporter and has been allotted Enrolment Number..........

This Certificate is valid for one year i. e. from.......... to.......... . After expiry of validity, this certificate has to be renewed.

Issuing Date | Prepared by | Assistant Director/Deputy Director Export Promotion Bureau

তালিকাভুক্তি সার্টিফিকেট পাওয়ার জন্য প্রয়োজনীয় সময়- ৭ কার্যদিবস
**ফি-** ২,০০০ টাকা (অনলাইন/পে-স্লিপ)

তালিকাভুক্তি সার্টিফিকেট নবায়নের জন্য প্রয়োজনীয় সময়- ৩ কার্যদিবস
**ফি-** ১,০০০ টাকা (অনলাইন/পে-স্লিপ)

## সংযুক্তি-৪: REX সার্টিফিকেশন প্রাপ্তির প্রক্রিয়া (শুধুমাত্র EU ভুক্ত দেশগুলোতে রপ্তানির জন্য প্রযোজ্য)

**রেজিস্টার্ড এক্সপোর্টার (REX) সিস্টেম থেকে নিবন্ধন প্রাপ্তির জন্য প্রয়োজনীয় নথিপত্রের তালিকা নিম্নে অন্তর্ভুক্ত করা হলোঃ**

- প্রতিষ্ঠানের টিআইএন সার্টিফিকেট
- ইপিবি-তে প্রতিষ্ঠানের আপ-টু-ডেট নিবন্ধন সনদ
- EU ওয়েবপেজে নির্দিষ্ট ফর্মের মাধ্যমে আবেদন: http://customs.ec.europa.eu/rex-pa-ui/
- প্রতিষ্ঠানের আবেদনপত্র, উপরোল্লিখিত সার্টিফিকেটসহ জমা দিতে হবে।

**সম্ভাব্য সময় -** ৭ কার্যদিবস
**ফি-** বিনামূল্যে

## সংযুক্তি-৫: উদ্যান ফসলজাত পণ্য রপ্তানিকারক হিসাবে নিবন্ধন

**প্রয়োজনীয় নথিগুলির তালিকা নীচে দেওয়া হল-**

- উদ্যান ফসলজাত পণ্য রপ্তানিকারক হিসাবে নিবন্ধনের আবেদনপত্র (মূল)
- রপ্তানি নিবন্ধন সার্টিফিকেট (ফটোকপি)
- ফসল উৎপাদন চুক্তি (ফটোকপি)
- ট্রেড লাইসেন্স (ফটোকপি)
- ভ্যাট সার্টিফিকেট (ফটোকপি)
- TIN সার্টিফিকেট (ফটোকপি)
- বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস অ্যান্ড এলাইড প্রডাক্টস এক্সপোর্টারস এসোসিয়েশনের সদস্য সনদ (ফটোকপি)

আবেদন ফর্ম ও নিবন্ধন সনদের নমুনা সংযুক্ত করা হল।



উদ্যান ফসল রপ্তানিকারক হিসেবে নিবন্ধনের প্রত্যয়নপত্র

Certificate of Registration as Horticultural Products Exporter

রেজিষ্ট্রেশন নং: কৃম / ডিএই / উসউ .......... তারিখ:..........

Registration No: MoA / DAE / PQW.......... Date:..........

প্রত্যয়ন করা যাচ্ছে যে মেসার্স .......... কে উদ্যান ফসল রপ্তানিকারক হিসেবে নিবন্ধিকরণ করা হলো।

This is to certify that M/S.......... is/are hereby registered as a Horticultural Products Exporter.

তাঁকে উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে উদ্ভিদ সংগনিরোধ আইন ও বিধানাবলী মেনে চলতে হবে। অন্যথায় এ নিবন্ধন বাতিল করা হবে।

He/She should be abiding by the Plant Quarantine rules & regulations for export of Horticultural Products. Otherwise this registration will be cancelled.

এই প্রত্যয়নপত্র কৃষি মন্ত্রনালয় ও বানিজ্য মন্ত্রনালয়ের নির্দেশনা মোতাবেক দেয়া হলো।


This Certificate is issued as per the instruction of the MoA & MoC.

আদেশক্রমে / By order

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫
Department of Agricultural Extension, Khamarbari, Dhaka-1215
তারিখ / Date:..........

পরিচালক
উদ্ভিদ সংগনিরোধ উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কৃষি মন্ত্রণালয়

## সংযুক্তি-৬: ট্রেসেবিলিটি তথ্য সংক্রান্ত প্রত্যয়নপত্র সনদের নমুনা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
uaoshibgonjchapai@gmail.com

**প্রত্যয়ন পত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার নিম্নোক্ত আম চাষির বাগান থেকে Tasfiq International, 10/3, Arambagh Motijheel Dhaka - 1000
মোট: =১৪০০/- (কথায়: এক হাজার চার শত —) কেজি আম দেশীয় বাজার/রপ্তানীর উদ্দেশ্যে ক্রয় করেছে।

| ক্র: নং | আম চাষির নাম | আম চাষির ঠিকানা | ক্রয়কৃত আমের জাত ও পরিমান (কেজি) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | খিরসাপাত | ল্যাংড়া | আম্রপলি | |
| 01 | মো: [illegible] | [illegible] | ১৪০০ | — | — | — |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

উক্ত কৃষক আম উৎপাদনের প্রতিটি পর্যায়ে GAP পদ্ধতি অবলম্বন করেছে এবং সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তার পরামর্শে নিরাপদ ও বালাইমুক্ত আম উৎপাদন করেছেন।

(মোঃ শরিফুল ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ

## সংযুক্তি-৭: ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তির প্রক্রিয়া

**নিম্নলিখিত দলিলাদি জমা দিতে হবে-**


- ফাইটোস্যানিটারি সার্টিফিকেটের জন্য অনলাইনে আবেদনপত্র পূরণ (http://pqw.dae.gov.bd/dae_plant_quarantine/users/login)
- প্যাকিং তালিকা
- রপ্তানি নিবন্ধন সার্টিফিকেট
- ট্রেড লাইসেন্স
- ভ্যাট সার্টিফিকেট
- TIN সার্টিফিকেট
- উদ্যান ফসল রপ্তানিকারক হিসাবে নিবন্ধনের সার্টিফিকেট
- সংশ্লিষ্ট পণ্য বিষয়ক অ্যাসোসিয়েশন থেকে সদস্য সার্টিফিকেট
- ট্রেসেবিলিটি তথ্য সনদ (শুধুমাত্র EU ভুক্ত দেশগুলোর জন্য)
- ই-পেমেন্ট স্লিপ

একটি অনলাইন আইডি খুলে বা বিদ্যমান আইডি ব্যবহার করে উপরোক্ত দলিলাদিসমূহ অনলাইনের মাধ্যমে জমা দেওয়া যেতে পারে।

**সম্ভাব্য সময়-**

পচনশীল দ্রব্য - ২৪ ঘণ্টা
অন্যান্য দ্রব্য - ১-১৫ দিন (ট্রিটমেন্ট সাপেক্ষে)

*আমদানিকারক দেশের যদি কোনো অতিরিক্ত ডিক্লারেশন প্রয়োজন হয়, তাহলে তা ফাইটোস্যানিটারি সার্টিফিকেটের অংশ II-এ দেওয়া হয়।



Government of the People's Republic of Bangladesh
Ministry of Agriculture
Department of Agricultural Extension
Plant Quarantine Wing

Form IX — VALID FOR SHIPMENT WITHIN 15 DAYS — PC- 0326027
Place of Issue ..................

PHYTOSANITARY CERTIFICATE
Rule 27(3)

To : The Plant Protection Organization of — Date Inspected ..................

I. Description of the consignment

Name and address of exporter :
Declared name and address of consignee :
Number and description of packages :
Distinguishing mark :
Place of origin :
Declared means of conveyance :
Declared point of entry :
Name of produce and quantity declared :
Botanical name of plant :

This is to certify that the plant & plant products or other regulated articles described herein have been inspected and/or tested according to appropriate official procedures and are considered to be free from quarantine pests, specified by the importing contracting party and to conform with the current phytosanitary requirements of the importing contracting party, including those for regulated non-quarantine pests. They are deemed to be practically free form other pests.

II. Additional declaration

III. Disinfestation and/or Disinfection treatment


Date ______ Treatment ______
Chemical (active ingredient) and concentration
Duration of exposure and temperature
Additional information

*WARNING : Any alteration, forgery, or unauthorized use of this phytosanitary certificate is punishable with imprisonment for a term not exceeding 2 (two) years, or with a fine not exceeding BDT 5,00,000 (five lac) or with both. (Section31 of Plant Quarantine Act,2011).*

THIS CERTIFICATE SHALL BE INVALID IN CASE OF ANY ALTERATION OR DEFACEMENT
Name of authorised officer : .................. Signature : ..................
Date of Issue : ..................

No liability shall be attached to the Ministry of Agriculture or the Department or to any of its Officer or representative with respect to this certificate.

## সংযুক্তি-৮: ফাইটোস্যানিটারি সার্টিফিকেট প্রাপ্তির জন্য আবেদনের ধাপসমূহ



## সংযুক্তি-৯: রপ্তানি বিল প্রাপ্তির প্রক্রিয়া

**কাস্টমস ছাড়পত্রের জন্য রপ্তানি বিলের সাথে নিম্নলিখিত নথিগুলি সংযুক্ত করতে হবে-**

- রপ্তানি LC বা TT বা ক্রয় আদেশ (PO) বা LCA (যদি কোন রপ্তানি এলসি, রপ্তানি চুক্তি বা ক্রয় আদেশ বা নেগোসিয়েটিং ব্যাংক দ্বারা অনুমোদিত রপ্তানি গ্যারান্টি না থাকে)
- পণ্যের বিশদ বিবরণ এবং রপ্তানিকারক দ্বারা স্বাক্ষরিত বাণিজ্যিক চালান
- পরিমাণ, ওজন এবং প্যাকিং তথ্য সংবলিত প্যাকিং তালিকা
- রপ্তানি আয়ের আদায় নিশ্চিত করতে অনুমোদিত ডিলার (ADs) দ্বারা প্রত্যায়িত EXP ফর্ম
- রপ্তানি পণ্যের সার্টিফিকেট অব অরিজিন (ইপিবি বা অ্যাসোসিয়েশন থেকে জারিকৃত)
- ভ্যাট নিবন্ধন সার্টিফিকেট
- টিআইএন
- রপ্তানি নিবন্ধন সার্টিফিকেট
- ফাইটোস্যানিটারি সার্টিফিকেট







এই প্রকাশনাটি যুক্তরাষ্ট্র কৃষি বিভাগ (ইউএসডিএ) এর ফুড ফর প্রোগ্রেস প্রোগ্রামের অধীনে Federal award No.FCC-388-2020/003-00 এর সহায়তায় প্রকাশিত। এই প্রকাশনায় উল্লিখিত মতামত, ফলাফল, বা সুপারিশসমূহ লেখক (গণের) নিজস্ব এবং তা ইউএসডিএ'র দৃষ্টিভঙ্গিকে প্রতিফলিত করে না।

Center for Development & Competitive Strategies Ltd.

Research & Strategy | Capacity Building | Intervention

এই নির্দেশিকাটি CDCS টিম কর্তৃক সমৃদ্ধ ও যাচাইকৃত।